

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২. ৩৬৯


তারিখ: ০২ জুলাই ২০২৬

বিষয়: ২০২৬-২৭ অর্থবছরের প্রশিক্ষণ কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।

সূত্র: স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২.৩৫০ তারিখ: ০২ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় ২০২৬-২৭ অর্থবছরে প্রকল্পভুক্ত প্রতি উপজেলায় যে সকল প্রশিক্ষণ বাস্তবায়ন করা হবে তার কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও ৩০ দিন ও ৬০ দিন মেয়াদী আবাসিক/অনাবাসিক প্রশিক্ষণ, ৭দিন মেয়াদী ফলোআপ ও ৫দিন মেয়াদী উদ্যোক্তা প্রশিক্ষণ আয়োজনের সংস্থান রয়েছে। উল্লেখ্য, বর্ণিত প্রশিক্ষণসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের স্বার্থে সমিতি গঠন ও সদস্য অন্তর্ভুক্তির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। প্রশিক্ষণসমূহ জুলাই, ২০২৬ মাস হতে বাস্তবায়ন শুরু করা না হলে জুন, ২০২৭ এর মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ সম্পন্ন করা সম্ভব হবে না। তাই প্রশিক্ষণ কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের উদ্যোক্তা গ্রহণ করা প্রয়োজন। আরও উল্লেখ্য যে, প্রকল্প সদর দপ্তর হতে অর্থ ছাড়ে বিলম্ব হলেও উপজেলায় পর্যায়ের যে কোন তহবিল হতে ধার গ্রহণ করে বর্ণিত প্রশিক্ষণসমূহ বাস্তবায়ন শুরু করতে হবে, তবে ধারকৃত অর্থ সংশ্লিষ্ট খাতে অর্থ প্রাপ্তির পর আবশ্যিকভাবে সমন্বয়যোগ্য হবে।

২। এমতাবস্থায়, প্রকল্পের ২০২৬-২৭ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের উদ্যোক্তা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রশিক্ষণ বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণযোগ্য হবে। উপরোক্ত নির্দেশনার বতায় ঘটলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন : ৪১০১০৩৪১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি.....(প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....(প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৫. পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresspw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২. ৬২০

তারিখ: ০২ জুলাই ২০২৬


বিষয়: ২০২৬-২৭ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার (পরিকল্পনা) প্রণয়ন ও প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় ২০২৬-২৭ অর্থবছরে উপজেলা পর্যায়ে মহিলা সুফলভোগী সদস্য এবং কিশোরীদের প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। বিবরণ নিম্নরূপ:

সুফলভোগীর ধরণ	প্রশিক্ষণের ধরণ	প্রশিক্ষণের মেয়াদ	ব্যচ সংখ্যা (প্রতি উপজেলার জন্য)
মহিলা সুফলভোগী সদস্য	বিভিন্ন ধরনের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ	০৩দিন	০৫টি
কিশোরী সদস্য	উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রশিক্ষণ (কিশোরী)	০২ ঘন্টা	প্রতি স্কুলে ০৬টি করে মোট ১২টি
	উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রশিক্ষণ (কিশোরী ও অভিভাবক)	০২ ঘন্টা	প্রতি স্কুলে ০২টি করে মোট ৪টি

২। এমতাবস্থায়, ২০২৬-২৭ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী বর্ণিত প্রশিক্ষণসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নকরণের লক্ষ্যে উপজেলার প্রশিক্ষণ ক্যালেন্ডার (পরিকল্পনা) প্রণয়ন এবং আগামী ০৩ কর্মদিবসের মধ্যে প্রকল্প সদর দপ্তর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বর্ণিত প্রশিক্ষণসমূহ বাস্তবায়নের স্বার্থে লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন ও সদস্য অর্ন্তভুক্তি জুলাই হতে সেপ্টেম্বর, ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে। আরও উল্লেখ্য যে, প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপিতে বর্ণিত প্রশিক্ষণসমূহের বাজেট বিভাজন এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৪১০১০৩৪১

ই-মেইল: adiresppw@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

উপপরিচালক

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সকল)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।
৫. পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।